

বিনা খরচায় প্রশিক্ষণ পাবে ২৩ হাজার তরুণ

অর্থ মন্ত্রণালয়ের স্কিল ফর
এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট
প্রোগ্রামের আওতায়
তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ দেবে
বেসিস ও বিআইটিএম।
জানাচ্ছেন এম ফরহাদ



কোনো ফি
লাগবে না; উপরন্তু
প্রশিক্ষণ চলাকালে
জনপ্রতি দেওয়া হবে
তিন হাজার
১২০ টাকা হারে
মাসিক ভাতা

স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (এসইআইপি) চিফ কো-অর্ডিনেটর নইমুল ইসলাম জানান, অর্থ মন্ত্রণালয়ের এসইআইপি প্রকল্প বাস্তবায়ন করছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এবং বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইটিএম)। এসইআইপি প্রকল্পটি পরিচালিত হচ্ছে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি), সুইস উন্নয়ন করপোরেশন সংস্থা ও বাংলাদেশের অর্থ মন্ত্রণালয়ের সহায়তায়। এ প্রকল্পে মোট খরচ হবে প্রায় ৪৬ কোটি টাকা।

খরচ নেই, মিলবে ভাতা

কোনো ফি লাগবে না; উপরন্তু দেওয়া হবে ভাতা। জনপ্রতি মাসে তিন হাজার ১২০ টাকা হারে ভাতা দেওয়া হবে প্রশিক্ষণ চলাকালে। এ ক্ষেত্রে ন্যূনতম ৮০ শতাংশ ক্লাসে উপস্থিত থাকতে হবে। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে সনদ। চাকরি বা আত্মকর্মসংস্থানের বিষয়েও সহায়তা করবে বেসিস-বিআইটিএম।

কারা পাবে

বেসিসের কোষাধ্যক্ষ ও বিআইটিএমের দায়িত্বপ্রাপ্ত পরিচালক শাহ ইমরাউল কায়ীশ জানান, বেসিস ও বিআইটিএম তিন বছরে মোট ২৩ হাজার জনকে প্রশিক্ষণ দেবে। প্রথম বছর শুধু টাকা বিভাগে পাঁচ হাজারজনকে প্রশিক্ষণ দেওয়া হবে। দ্বিতীয় বছর ৯ হাজারজন এবং তৃতীয় বছরে বাকি ৯ হাজারজন প্রশিক্ষণ পাবে। দ্বিতীয় বছর থেকে সব বিভাগ এর আওতায় আসবে। স্নাতক শেষ অথবা শেষ পর্যায়ে থাকলে আবেদন করা যাবে। অগ্রাধিকার পাবে তরুণীরা। ১ এপ্রিল থেকে প্রশিক্ষণ শুরু হয়েছে। ইতিমধ্যে ২৭টি ব্যাচে ৮১০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। চলবে ২০১৭ সাল পর্যন্ত।

প্রশিক্ষণের বিষয় ও মেয়াদ

বেসিসের সহকারী ব্যবস্থাপক (মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন) বদরুদ্দোজা মাহমুদ তুহিন জানান, ১৪টি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন (এসইও), ডিজিটাল

মার্কেটিং, টেকনিক্যাল আইটি সাপোর্ট, কাস্টমার সাপোর্ট অ্যান্ড সার্ভিস ও আইটি সেলস ম্যানেজমেন্ট বিষয়ে প্রশিক্ষণের মেয়াদ এক মাস। ওয়েব ডিজাইন, গ্রাফিক ডিজাইন, ওয়েব ডেভেলপমেন্ট (পিএইচপি), ওয়েব ডেভেলপমেন্ট (ডটনেট), মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট, সার্ভার অ্যাডমিনিস্ট্রেশন ও ক্লাউড ম্যানেজমেন্ট, অ্যাফিলিয়েট মার্কেটিং, ইংলিশ কমিউনিকেশন ও বিজনেস কমিউনিকেশন বিষয়ে প্রশিক্ষণের মেয়াদ তিন মাস।

আবেদন ও বাছাই প্রক্রিয়া

বিআইটিএমের ব্যবস্থাপক তালুকদার মোহাম্মদ সাব্বির জানান, আবেদন করতে হবে অনলাইনে। বিআইটিএমের <http://bitm.org.bd/seip> ওয়েবলিংকে গিয়ে আবেদন করতে হবে। আগ্রহীরা মোট তিনটি বিষয়ে আবেদন করতে পারবে। আবেদন সাবমিট করার পর একটি আইডি বা সিরিয়াল নম্বর আসবে। এটি সংরক্ষণে রাখতে হবে পরবর্তী সব কার্যক্রমের জন্য। আবেদনে দেওয়া তথ্য যাচাই-বাছাই করে ডাকা হবে লিখিত পরীক্ষার জন্য। উত্তীর্ণদের অংশ নিতে হবে মৌখিক পরীক্ষায়। পছন্দক্রমের প্রথমে থাকা বিষয়ে প্রণ করা হবে লিখিত ও মৌখিক পরীক্ষায়।

প্রশিক্ষণ পদ্ধতি

তথ্যপ্রযুক্তি বিষয়ে বিশেষজ্ঞ ও প্রশিক্ষক হিসেবে ন্যূনতম পাঁচ বছরের অভিজ্ঞতা রয়েছে-বিআইটিএমের এমন ১৮ জন প্রশিক্ষক প্রশিক্ষণ দিচ্ছেন। আরো কিছু প্রশিক্ষক নেওয়ার প্রক্রিয়া চলছে। উচ্চগতির ইন্টারনেট সুবিধাসংবলিত আধুনিক কম্পিউটার ল্যাবে নেওয়া হয় তত্ত্বীয় ও ব্যবহারিক ক্লাস।

যোগাযোগ

রাজধানীর কারওয়ান বাজারের বিডিবিএল ভবনের তৃতীয় তলায় অবস্থিত বিআইটিএম অফিসে গিয়ে জানা যাবে ভর্তিসংক্রান্ত সব তথ্য। ০৯৬১২ ৩৪২৪৮৬ ও ০১১৯১ ০১৫৯৯৮ নম্বরে ফোন করেও জানা যাবে দরকারি তথ্য।